পরিষেবাসমূহ

গৃহস্থালীর আবর্জনা ওঠানো

লিসেস্টার শহরের সমস্ত 117,000 গৃহস্থালীর আবর্জনা ওঠানোর দায়িত্ব বিফা লিসেস্টার লিমিটেডের। লিসেস্টার সিটি কাউন্সিলের সাথে যুগ্মভাবে, আমরা একটি *রিসাইক্লিং বক্স সার্ভিস* শুরু করেছি লিসেস্টারের বাসিন্দাদের জন্য, 2004 সালের ফেব্রুয়ারী-মার্চ থেকে, যেটা সবুজ থলি প্রকল্পের (গ্রীন ব্যাগ স্কীম) জায়গা নেবে।

খালি না করা আর্বজনার পাত্র

যদি নির্দ্দিষ্ট দিনে আপনার ডাস্টবিন বা আবর্জনার পাত্র খালি না করা হয় তবে ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভিস লাইনে 0116 252 7002 নম্বরে যোগাযোগ করুন। আপনার অভিযোগ পাবার পর, পরের কাজের দিনটি শেষ হবার মধ্যে আমরা আবর্জনা ওঠানোর ব্যবস্থা করব।

পুনরাবর্তনযোগ্য বাক্স পরিষেবা (রিসাইক্লিং বক্স সার্ভিস)

রিসাইক্লিং বক্স সার্ভিস বাসিন্দাদের কাঁচ, কাগজ, প্লাসটিক পুনরাবর্তন করতে দেয় এবং এটি পরিবেশের অনুকূল হয়। পুনরাবর্তিত প্লাস্টিক থেকে প্রস্তত নতুন 55 লিটারের বাক্স বিনামূল্যে বাসিন্দাদের দেওয়া হয়েছে যাতে তারা আবর্জনা পুনরাবর্তন করতে পারেন। ফুটপাথের পাথর বাঁধানো ধারে পুনরাবর্তনযোগ্য আবর্জনাগুলিকে বাছাই করে নেওয়া হয় এবং বিশেষ ভাবে নির্মিত কামরা দ্বারা বিভক্ত গাড়ীতে বোঝাই করা হয়।

আপনি বাক্সে ফেলতে পারেন ✓	আপনি বাক্সে ফেলতে পারেন না ✗
কাঁচ (বোতল এবং বৈয়ম ঢাকনা/ছিপি ছাড়া) **কাগজ** (খবরের কাগজ, সাময়িক পত্রিকা, আজেবাজে চিঠিপত্র এবং (তালিকাসমূহ বা ক্যাটালগ) **প্ল্যাস্টিক** (দুধের এবং পানীয়ের বোতল)প্রতীক চিহ্নগুলি খুঁজুন ♳ অথবা ♴ প্লাস্টিক বোতলের উপর। বাক্সে রাখার আগে এগুলিকে পিষে ভেঙ্গে ফেলুন।	**ভাঙ্গা কাঁচ/পাইরেক্স** **খাম/কার্ডবোর্ড** **ইয়েলো পেজেস/বইখাতা** **ক্যান** **অন্যান্য প্লাস্টিক উপকরণ**

মনে রাখবেন...

- সাপ্তাহিক ভিত্তিতে এই পরিষেবা দেওয়া হয় এবং হুইলি বিন আবর্জনা তোলার দিনেই রিসাইক্লেং বক্স খালি করা হয়।
- ✓ (টিক চিহ্ন) দেওয়া তালিকার উপকরণ ছাড়া অন্য উপকরণ রিসাইক্লিং বাক্সে পাওয়া গেলে সেগুলি নেওয়া হবে না।
- সকাল 7:00 টার মধ্যে আপনার রিসাইক্লিং বক্স বার করে দিন
- আপনার হুইলি বিনে ক্যান এবং টিনগুলি রাখুন কেন না আবর্জনা থেকে ধাতুদ্রব্যগুলি উদ্ধার করা হয় এবং আমাদের রিসাইক্লিং সেন্টারে/পুনরাবর্তন কেন্দ্রে সেগুলির পুনরাবর্তন করা হয়। ইয়েলো পেজেস, (হলুদ কাগজ) কার্ডবোর্ড এবং বইপত্রগুলিকে কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে রিসাইক্ল্ করা হয়।

প্রচুর আবর্জনা তোলা

গৃহস্থালীর অতিরিক্ত আবর্জনার জন্যে গৃহস্থরা প্রচুর পরিমাণে আবর্জনা ওঠানোর জন্যে বলতে পারেন। ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভিস লাইনে 0116 252 7002 নম্বরে যোগাযোগ করে এর জন্য বলতে পারেন।

আবর্জনা ওঠানোতে সহায়তাদান

গৃহস্থরা যারা বয়স্ক এবং /অথবা বিকলাঙ্গ এবং যারা ফুটপাথের ধারে তাদের হুইলি বিন এবং রিসাইক্লিং বক্স আবর্জনা তোলার জন্য রাখতে পারেন না তারা সহায়তা দানের জন্য অনুরোধ করতে পারেন। এই সব ক্ষেত্রে, দু পক্ষের সম্মতি যুক্ত কোনো স্থান থেকে গৃহস্থালীর আবর্জনা এবং পুনরাবর্তনযোগ্য দ্রব্যগুলি তোলা যেতে পারে, যেমন বাড়ির একপাশের গেট থেকে, যেখানে বিনগুলো খালি করা হয়ে গেলে ফেরত দেওয়া হবে।

আবর্জনা তোলার জন্য সহায়তাদানের অনুরোধ করতে হলে ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভিস লাইনে 0116 252 7002 নম্বরে যোগাযোগ করুন।

কমিউনিটি রিসাইক্লিং সেন্টারস্

কমিউনিটি রিসাইক্লিং সেন্টারগুলি (সামাজিক পুনরাবর্তন কেন্দ্রগুলি) শহরের বাসিন্দাদের তাদের গৃহস্থালীর আবর্জনাগুলিকে পুনরাবর্তন করার সুযোগ করে দেয়, এই কেন্দ্রগুলিকে বানিজ্যিক আবর্জনা ফেলার স্থান হিসাবে ব্যবহার করা যাবে না। শুধুমাত্র গৃহস্থালীর আবর্জনাই এখানে নেওয়া হয়।

লিসেস্টারে দুটি কমিউনিটি রিসাইক্লিং সেন্টার আছে। তাদের অবস্থানের এবং খোলার সময়ের বিশদ তথ্য এইরকম ঃ

কমিউনিটি রিসাইক্লিং সেন্টার (Community Recycling Centre)
ব্রিজ রোড্ (Bridge Road)
(স্পেন্স স্ট্রীট ছাড়িয়ে) (Off Spence Street)
লিসেস্টার (Leicester)
খোলা থাকে ঃ সকাল 8 টা থেকে রাত 8 টা (এপ্রিল-সেপ্টেম্বর) সকাল 8 টা থেকে সন্ধ্যা 6 টা (অক্টোবর - মার্চ)

কমিউনিটি রিসাইক্লিং সেন্টার (Community Recycling Centre)
আইলিংটন স্ট্রীট (Islington Street)
ফ্রীম্যান্স্ কমন (Freemans Common)
লিসেস্টার (Leicester)
খোলা থাকে ঃ সকাল 8 টা থেকে রাত 8 টা (এপ্রিল-সেপ্টেম্বর) সকাল 8 টা থেকে সন্ধ্যা 6 টা (অক্টোবর - মার্চ)

সেন্টারগুলি বৃহৎ পরিমাণে গৃহস্থালীর আবর্জনা নেয় এবং পুনরাবর্তনের সুবিধা আছে এখানে-



ব্যাটারি
পুনরায় চার্জ করা যায় এমন ব্যাটারি ব্যবহার করুন যেগুলি বার বার ব্যবহার করা যায় যতক্ষণ না আপনি এটিকে একেবারে ফুরিয়ে ফেলছেন। আপনার কার ব্যাটারি (গাড়ীর ব্যাটারি) কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে নিয়ে গিয়ে পুনরাবর্তন করতে পারেন।



সাইকেল
আপনি রিসাইক্ল্ সেন্টারে বাইকও নিয়ে যেতে পারেন কেন না ধাতুকেও পুনরাবর্তন করা যায়।



বইপত্র
রিসাইক্লিং ব্রিং সাইটে অথবা কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে আপনি বইপত্র পুনরাবর্তন করতে পারেন।

ক্যান
রিসাইক্লিং ব্রিং সাইটে অথবা কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে অ্যালুমিনিয়াম এবং স্টীল ক্যানগুলিকে পুনরাবর্তন করা যায়। পুনরাবর্তিত অ্যালুমিনিয়াম পানীয়ের ক্যান, মোটরগাড়ী, বাইক ইত্যাদি প্রস্তুত করতে ব্যবহার করা যায়।



কার্ডবোর্ড
অতিরিক্ত ভাবে প্যাকেজ করা দ্রব্য কেনা আপনি এড়িয়ে চলবেন এবং বৃহৎ পরিমাণে কেনার চেষ্টা করবেন বা সমাহারে উপকরণ কেনার চেষ্টা করবেন যেটা আপনার অর্থ বাঁচাবে এবং পরিবেশ রক্ষা করবে। আপনি কার্ডবোর্ড পুনরাবর্তন করতে পারেন রিসাইক্লিং ব্রিং সাইটে অথবা কমিউনিটি রিসাইক্লিং সেন্টারগুলিতে।



আসবাবপত্র
সোফা (SOFA), নামের একটি স্থানীয় দাতব্য প্রতিষ্ঠান পুরানো ব্যবহার যোগ্য আসবাবপত্র সংগ্রহ করে গরীব লোকেদের বিলিয়ে দেবার জন্য। আপনি 2545283 নম্বরে টেলিফোন করতে পারেন যাতে এগুলি সংগ্রহের ব্যবস্থা করা যায়। বিকল্পভাবে, কমিউনিটি রিসাইক্লিং সেন্টারগুলিতে আনাবশ্যক উপকরণগুলি নিয়ে যেতে পারেন।



ফ্রিজ/সাদা জিনিসপত্র এবং বৈদ্যুতিক যন্ত্রপাতি

বৈদ্যুতিক উপকরণ, ফ্রিজ, ফ্রীজার ইত্যাদি আপনি কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে, রিসাইক্লিং বা পুনরাবর্তনের জন্য নিয়ে যেতে পারেন অথবা দাতব্য প্রতিষ্ঠানে ভালো অবস্থায় থাকা জিনিসপত্র দান করতে পারেন। ফ্রিজ/সাদা জিনিসপত্র পুনরাবর্তন করা হয় স্টীল, অ্যালুমিনিয়াম এবং মিশ্র প্লাস্টিক প্রস্তুত করার জন্য।

কাঁচ

ব্রিং সাইট এবং কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে কাঁচের বোতল এবং বৈয়ম পুনরাবর্তন করা যেতে পারে। বেশিরভাগ বড় সুপারমার্কেটগুলি, তাদের জায়গার মধ্যে বোতল ব্যাঙ্ক করে রেখেছে।

সবুজ/বাগানের জঞ্জাল

আপনার বাগনের জঞ্জাল থেকে আপনি নিজেই বাড়িতে সার তৈরী করতে পারেন অথবা এটি আপনি কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে নিয়ে যেতে পারেন। এর মধ্যে পড়ে বাগানের গাছগুলি ছাঁটাকাটার অংশগুলি, ঝোপঝাড়ের বেড়ার কাটাছাঁটার অংশগুলি, গাছের গুঁড়িগুলি ইত্যাদি।

এর থেকে তৈরী হয় পুষ্টিকর উর্বর সার, যেটা গাছপালার স্বাস্থ্য ও বাড়বৃদ্ধির জন্য উৎকৃষ্টতম।



ধাতু

অনাবশ্যক ধাতু আপনি কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে ফেলে আসতে পারেন। স্টীল থেকে তৈরী করা যায় সসপ্যান, খাবারের ক্যান ইত্যাদি।

তেল

আপনি তেল (ধাতব তেল শুধু, রান্নার তেল নয়) কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে নিয়ে যেতে পারেন।

রঙ



এনভায়রনের একটি কমিউনিটি রিপেন্ট প্রকল্প (Community Repaint scheme) আছে যেখানে এটি অপ্রয়োজনীয় রঙ সামাজিক গোষ্ঠীগুলিকে বিলিয়ে দেয়, আপনি আপনার পুরনো অনাবশ্যক রঙ কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে নিয়ে আসতে পারেন, অথবা আপনার যদি অনেক পরিমাণের রঙ থাকে দান করার জন্যে তাহলে এনভায়রনকে (Environ) 0116 222 0222 নম্বরে ফোন করুন যাতে তারা এটি সংগ্রহের ব্যবস্থা করতে পারে।



কাগজ

আপনি কাগজ, খবরের কাগজ, সাময়িক পত্রিকা পুনরাবর্তন করতে পারেন রিসাইক্লিং সাইটের কাগজের ব্যাঙ্ক ব্যবহার করে, অথবা কমিউনিটি রিসাইক্লিং সেন্টার ব্যবহার করে। পোষ্টকার্ড, ডিমের বাক্স, টয়লেট রোল, কাগজ ইত্যাদি তৈরী করতে কাগজের ব্যবহার হয়।

প্লাসটিক

আপনার কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে প্লাসটিকের বোতল পুনরাবর্তন করা যায়। ট্রাফিক কোট, কোট হ্যাংগার, ক্যারীয়ার ব্যাগ, পেনসিল, লোম, লেপের মধ্যেকার জিনিস, বিন লাইনার ইত্যাদি তৈরী করতে এটির ব্যবহার হয়।

মাটি/শক্ত পদার্থ (উর্দ্ধতম পাঁচটি বিনব্যাগ অথবা এর সমজাতীয়)

এটি আপনি আপনার কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে পুনরাবর্তন করতে পারেন। এটিকে তার পর আবার প্রক্রিয়াবদ্ধ করা হয় এবং বাড়ি তৈরীর উপকরণ হিসাবে ব্যবহার করা হয়।

বস্ত্র



দাতব্য প্রতিষ্ঠানে আপনি পুরনো জামাকাপড় দান করতে পারেন অথবা রিসাইক্লিং ব্রিং সাইটের কমিউনিটি রিসাইক্লিং সেন্টারের বস্ত্র ব্যাঙ্ক ব্যবহার করে এগুলির পুনরাবর্তন করতে পারেন।

তৃতীয় বিশ্বের দেশগুলিতে উৎকৃষ্ট বস্ত্রগুলিকে পাঠানো হয়; বস্ত্রগুলিকে আবার, ছাল তুলে তন্তুতে পরিণত করা হয়, এর থেকে তৈরী হয় চাদর, কম্বল, শব্দ অপরিবাহী দ্রব্য, গাড়ীর দরজার খোপ, গদী এবং সোফার ভিতরের জিনিস।

টায়ার

গ্যারেজের জন্য আপনার যে স্থানীয় ডাইরেক্টরি আছে তাতে সেই গ্যারেজগুলি দেখুন যেগুলি টায়ার কে পুনরাবর্তনের জন্য পাঠায়।



কাঠ

কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে এগুলিকে পুনরাবর্তন করা যায় কিন্ত আমরা মিডিয়াম ডেনসিটি ফাইবার বোর্ড (MDF) বা হার্ডবোর্ড বা চিপবোর্ড পুনরাবর্তন করার জন্য নিই না।

কমিউনিটি রিসাইক্লিং সেন্টারগুলি বন্ধ থাকে

কমিউনিটি রিসাইক্লিং সেন্টারগুলি ক্রীসমাসের দিন, বক্সিং ডে এবং নিউ ইয়ার ডে তে (নববর্ষের দিন) বন্ধ থাকে।

সেন্টারগুলি ব্যবহার করার অনুমতি-

মোটর গাড়ীর জন্য অনুমতির দরকার নেই। কমিউনিটি রিসাইক্লিং সেন্টারগুলি ব্যবহার করার জন্য সমস্ত ভ্যান, ট্রেলার এবং পিক আপ গাড়ীগুলি যেগুলির দৈর্ঘ্য 1.4 মিটার, অনুমতি দরকার হবে। আরও তথ্যের জন্যে এবং পারমিট বা অনুমতি পত্রের জন্য আবেদন করতে হলে লিসেস্টার সিটি কাউন্সিলের ওয়েবসাইট দেখুন অথবা ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভিস লাইনে 0116 252 7002 নম্বরে ফোন করুন।

রিসাইক্লিং ব্রিং সাইটগুলি

লিসেস্টারে কার্যক্ষম এবং কার্যরত 100 টিরও বেশি রিসাইক্লিং ব্রিং সাইট আছে যেখানে লোকেরা তাদের গৃহস্থালীর এই সবা আবর্জনাগুলিকে পুনরাবর্তন করতে পারে, যেমন ঃ

- বই
- ক্যান
- কার্ডবোর্ড
- ফয়েল
- কাঁচ (শুধু বোতল এবং বৈয়ম)
- কাগজ
- জুতো
- বস্ত্র

বাসিন্দাদের সাহায্য পেলে, আমরা ল্যান্ডফিলে (আবর্জনা ফেলার মাঠ) আবর্জনা ফেলার পরিমাণ কমিয়ে ফেলতে পারি যার ফলে পরিবেশে ক্ষতিকর প্রভাব কমানো যায়। আপনার সাহায্য একটি বৃহৎ (BIG) পার্থক্য ঘটাবে!

বিফা লিসেস্টার সম্বন্ধে

বুরসম ইনডাস্ট্রিয়াল এস্টেটে রিসাইক্লিং সেন্টার

'বল মিল' রিসাইক্লিং প্রক্রিয়া

গৃহস্থালীর সমস্ত আবর্জনাগুলি যেগুলি রিসাইক্লিং বা পুনরাবর্তনের জন্য আলাদা করে সংগ্রহ করা হয় নি সেগুলি সেন্টারের বুরসমের 'বল মিলে' নিয়ে যাওয়া হয়, যেখানে এগুলিকে পিষে একটি ক্ষুদ্র পদার্থে পরিণত করা হয় তারপর রিসাইক্লিং এর জন্য বাছাই করে প্রক্রিয়াবদ্ধ করে ধাতুতে পরিণত করা হয় এবং জৈব পদার্থে পরিণত করা হয় সার তৈরীর জন্য । কাগজ এবং প্লাস্টিক ব্যবহার করা হয় ইন্ধন হিসাবে এবং অবশিষ্ট 20 শতাংশ ল্যান্ডফিলে পাঠিয়ে দেওয়া হয়।

সংগৃহীত আবর্জনাগুলিকে প্রাথমিকভাবে বুরসম রিসাইক্লিং সেন্টারের একটি আবর্জনা গ্রহণের হলে ধীরে ধীরে ঢোকানো হয়। এখান থেকে একটি কনভেয়র বেল্ট মারফৎ আবর্জনাগুলিকে একটি বড় 6.4 মিটার (21 ফুট) ব্যাসযুক্ত ড্রামে ঢোকানো হয় (এটা অনেকটা বিরাট ধোয়ার যন্ত্রের ড্রামের মত) যার মধ্যে আছে অনেকগুলি 5.5 কিলোগ্রামের (12 পাউন্ড) স্টীল বল। যেমন ড্রামটি ধীরে ধীরে ঘুরতে থাকে, বলগুলি আবর্জনাগুলিকে ছোট ছোট টুকরোয় ভেঙ্গে ফেলে।

কাগজ যার মধ্যে পড়ে খবরের কাগজ, কার্ডবোর্ড, চালডাল ইত্যাদির বাক্স, এবং প্লাসটিক যেমন খাবার ও পানীয়ের পাত্র, কার্টন, ব্যাগ এবং অন্যান্য মোড়ক, ইত্যাদিকে ছোট টুকরোতে ভেঙ্গে ফেলা হয় যার আকার 80 মিলিমিটারের (তিন ইঞ্চি) কম। এগুলিকে অন্যান্য পদার্থ থেকে আলাদা করে ফেলা

হয়। তার পর এগুলিকে সাইটের বাইরে নিয়ে যাওয়া হয় এবং অন্যান্য কোম্পানীরা এদের জ্বালানি হিসাবে ব্যবহার করে।

যে কোনো ধাতুদ্রব্য যেমন টিনের ক্যান এবং পানীয়ের পাত্র যেগুলি স্টীল এবং অ্যালুমিনিয়ামের তৈরী সেগুলিকে অন্যান্য আবর্জনা থেকে ম্যাগনেট দিয়ে আলাদা করে ফেলা হয় এবং অ্যালুমিনিয়াম আলাদা করা হয় একটা প্রক্রিয়ায় যার নাম হচ্ছে এডি-কারেন্ট (eddy-current) যেটা নন-ফেরাস বা (non-ferrous) ধাতুদ্রব্য আলাদা করার যন্ত্র। অ্যালুমিনিয়াম থেকে স্টীল আলাদা করে নিয়ে সাইটের বাইরে কোম্পানীগুলির কাছে রিসাইক্লিং এর জন্ পাঠানো হয়।

খাবারের থেকে যে আবর্জনার উদ্ভব হয় যেমন সব্জীর খোসা, মাংস, পুরনো খাবার, বাগানের জঞ্জাল এবং অন্যান্য সমজাতীয় দ্রব্যসমূহ, সেগুলিকেও বল মিলে দিয়ে দেওয়া হয়। এই ''জৈব'' আবর্জনা 5 মিলিমিটারের (1/4 ইঞ্চি) থেকেও ছোট ছোট টুকরোয় ভেঙ্গে ফেলা হয় এবং অন্যান্য আবর্জনা থেকে বেছে ফেলা হয়। এই সমস্ত দ্রব্যগুলিকে ঢাকনাবন্দী পাত্রে রেখে ওয়ানলিপে নিয়ে যাওয়া হয় পরের স্তরের প্রক্রিয়ার জন্য।

অবশিষ্টগুলির মধ্যে থাকে ভাঙ্গা বোতল, পাথর এবং অন্যান্য ভারী জিনিস যেগুলি সংগৃহীত জঞ্জালের এক পঞ্চমাংশ (1/5) হয়। বর্তমানে এগুলি নিয়ে বিশেষ কিছু করা যায় না বলে এগুলিকে ল্যান্ডফিলে পাঠিয়ে দেওয়া হয়।

ওয়ানলিপ সোয়েজ ট্রিটমেন্ট ওয়ার্কস এর সার তৈরীর সুবিধা

ওয়ানলিপে অ্যানারোবিক ডাইজেস্টার

সেভার্ন ট্রেন্ট ওয়াটারস ওয়ানলিপ সোয়েজ ট্রিটমেন্ট ওয়ার্কসে বিফা লিসেস্টার সার তৈরীর একটি নতুন ব্যবস্থা করেছে, বুরসম রিসাইক্লিং সুবিধা থেকে প্রস্তুত মিহি জৈব পদার্থের সার তৈরী। সমস্ত জঞ্জাল প্রক্রিয়ার কাজটি একটি পুরোপুরিভাবে ঘেরা বাড়ির মধ্যে করা হয়, দুর্গন্ধ এবং ধূলোবালি নিয়ন্ত্রণ করার জন্য ভেতরে এয়ার ফিলটার বা বাতাস পরিশোধনের ব্যবস্থা আছে, সার তৈরীর প্রক্রয়াটি চলে মুখবন্ধ নলাকার পরিপাক করার ট্যাঙ্কের মধ্যে, যেখানে জৈব পদার্থের জঞ্জালগুলিকে তরলে পরিণত করা হয়, তার পর গরম করা হয়, তারপর জীবাণুদ্বারা ভেঙ্গে ফেলা হয়, যেরকমটি করা হয় সোয়েজ ট্রিটমেন্ট ওয়ার্কসে বা নরদমার আবর্জনা পরিচালনা কেন্দ্রে। পরিপাক ক্রিয়ার ফলে উদ্ভুত মিথেন গ্যাসকে বৈদ্যুতিক শক্তি উৎপাদনের কাজে লাগানো হয়। সেভার্ন ট্রেন্ট ওয়াটার লিমিটেড, উৎপন্ন সার বাজারে বিক্রী করে কৃষিকাজে ব্যবহারের জন্য।

প্রক্রিয়ার মধ্যে পড়ে ঃ

- চারিদিক ঘেরা একটি বিল্ডিং বা বাড়ির মধ্যে জঞ্জাল নিয়ে কাজ হয় যেখানে ভেতরে এয়ার ফিলটার বা বায়ু পরিশোধনের ব্যবস্থা আছে দুর্গন্ধ এবং ধূলোবালি নিয়ন্ত্রণ করার জন্যে।
- সমস্ত সার তৈরীর কাজটি হয় 5 টি মুখবন্ধ পরিপাক করার ট্যাঙ্কের মধ্যে।
- সারতৈরীর প্রক্রিয়ার ফলে যে মিথেন গ্যাস উৎপন্ন হয় সেটিকে বিদ্যুৎ উৎপাদনের কাজে লাগিয়ে শক্তির পুনর্প্রাপ্তি হয় (আন্দাজ 1.5 মেগাওয়াট- 1500 টি বাড়িতে বিদ্যুৎ যোগানোর পক্ষে যথেষ্ট)।
- গৃহস্থালীর জৈব পদার্থের জঞ্জালগুলিকে পুনরাবর্তন করে পুনর্ব্যবহারযোগ্য কৃষিকাজের সার তৈরী করা হয়, যার ফলে পুনরাবর্তনের লক্ষ্য ও উদ্দেশ্য সফল হয়।
- বর্তমানের নরদমার আবর্জনা পরিচালনা প্রক্রিয়ার সাথে একত্রিত হওয়া।
- সিটিটিভি-র মাধ্যমে লিসেস্টারের বুরসফে নতুন পুনরাবর্তন সুবিধার সাথে কোনো শিক্ষা কেন্দ্রের সরাসরি সংযোগ।

সমাজ এবং শিক্ষা

পুনরাবর্তন বা রিসাইক্লিং এর কতগুলি ছোট ছোট ছোট তথ্য সূত্র

কতগুলি সাহায্যকারী তথ্য দেওয়া হচ্ছে যে কিভাবে আপনি পরিবেশ রক্ষণের পক্ষে একজন আরো ভালো নাগরিক হতে পারেন ঃ

- লিসেস্টারে কমিউনিটি রিসাইক্লিং সেন্টার এবং আরো নানা রিসাইক্লিং ব্রিং সাইট ব্যবহার করুন আপনার গৃহস্থালীর জঞ্জাল আবর্জনা ইত্যাদি পুনরাবর্তন করার জন্য।
- ক্যারিয়ার ব্যাগগুলি জমা করে রাখুন আবার ব্যবহার করার জন্য অথবা পুনরাবর্তনের জন্য এগুলিকে আপনার স্থানীয় সুপারমার্কেটে ফেরত দিন। বিকল্পভাবে, আপনি আপনার নিজের থলি ব্যবহার করুন অথবা চিরকালের জন্য ব্যবহার করা যাবে এমন একটি ব্যাগ বা থলি কিনে নিন।
- কম শক্তির বাল্ব ব্যবহার করুন যেগুলি বেশি টেঁকে অথচ কম শক্তি খরচ করে।
- গৃহস্থালীর ব্যবহারের জন্য পরিবেশের অনুকূল দ্রব্য বা উপকরণ ব্যবহার করুন যেমন পরিস্কার করার জিনিষ, রঙ এবং বার্নিশ।
- কাগজের উভয় দিক ব্যবহার করবেন এবং নোটবুকের জন্য অপ্রয়োজনীয় কাগজ ব্যবহার করবেন।
- খবরের কাগজ, সাময়িকপত্র, বই ইত্যাদি বন্ধুদের সাথে ভাগ করে পড়ুন। আপনি বই, কাগজ, কার্ডবোর্ড ইত্যাদি রিসাইক্লিং ব্রিং সাইট অথবা কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে পুনরাবর্তন করতে পারেন।
- পুনর্ব্যবহারযোগ্য অথবা সূতীর ন্যাপি ব্যবহার করুন, একবার ব্যবহারযোগ্য (ডিসপোসেবল) ন্যাপির পরিবর্তে, এগুলির পরিমাণ জঞ্জালের 4 শতাংশ এবং এগুলিকে ল্যান্ডফিলে পাঠানো হয় যেখানে এগুলির বিশ্লিষ্ট হতে 500 বছর সময় লাগে।

- পুনর্বার চার্জ করা যায় (রিচার্জবল) এবং ব্যবহার আকরা যায় (রিইউসেবল) এমন উপকরণ কিনুন যেগুলি মেনস ইলেকট্রিসিটিতে লাগিয়ে বার বার ব্যবহার করা যায় যেখানে একবার ব্যবহারযোগ্য ব্যাটারিতে কোনো যন্ত্র চালালে তা হবে না। রিচার্জবল ব্যাটারি ব্যবহার করলে বার বার ব্যবহার করার পর, ফুরিয়ে গেলে ব্যাটারিকে রিসাইক্‌ল্ করা যায়।
- মোড়কের বর্জ্য পদার্থর পরিমাণ কমানোর জন্য অনেক বেশি পরিমাণে জিনিস কিনুন বা একসাথে অনেক কিনুন। এতে আপনার টাকারও সাশ্রয় হবে এবং পরিবেশ রক্ষণের জন্যও ভালো।
- যখনই সম্ভব হবে তখনই রিসাইকল্‌ড্ (পুনরাবর্তিত) অথবা রিসাইক্‌ল্ করা যায় (পুনরাবর্তনযোগ্য) এমন দ্রব্য ব্যবহার করুন। রিসাইক্‌ল্ সিম্বল (প্রতীকচিহ্ন) দেখে নেবেন।
- যেগুলি অনাবশ্যক উপকরণ সেগুলি বিলিয়ে দিন, যেমন পুরনো আসবাবপত্র, কমপিউটার যন্ত্রাদি, ইত্যাদি যেগুলি অন্য কারুর কাজে আসতে পারে যেমন দাতব্য প্রতিষ্ঠান, সমাজ সম্প্রদায় ইত্যাদি।
- জিনিস জমা করে রাখার জন্য বৈয়ম, বোতল, প্লাস্টিকের পাত্র, কার্ডবোর্ডের বাক্স ইত্যাদি ব্যবহার করুন।
- আপনার রান্নাঘরের জঞ্জাল এবং বাগানের আবর্জনা দিয়ে সার তৈরী করুন। বাগানের আবর্জনাগুলিকে কমিউনিটি রিসাইক্লিং সেন্টারে নিয়ে যান বা এগুলি আপনি বাড়িতেও বিশ্লেষণ করে সার তৈরী করতে পারেন।
- একবার ব্যবহারযোগ্য উপকরণ যেমন, কাগজ এবং প্লাস্টিক কাপ, রেজর (দাড়ি কামানোর ব্লেড) ইত্যাদি ব্যবহার করা এড়িয়ে চলুন। স্কুলে বা কর্মস্থলে একটি টেকসই মগ ব্যবহার করুন, ডিসপোসেবল (করার ব্যবহারযোগ্য) মগ না ব্যবহার করে।
- যে সব কলমে এবং পেন্সিল পুনর্বার কালি বা রিফিল পোরা যায় সেগুলি ব্যবহার করুন।

যে সব প্রশ্ন প্রায়ই জিজ্ঞাসা করা হয়

রিসাইক্লিং (পুনরাবর্তন) বলতে কি বোঝায়?

রিসাইক্লিং, সোজা কথায় , হচ্ছে কোনো পুরনো জিনিস থেকে নতুন জিনিস তৈরী করা। এর দ্বারা সেই সব জিনিস থেকে নতুন উপকরণ তৈরী করা যায় যেগুলি অন্যথায় বর্জ্য পদার্থে পরিণত হত; এগুলি হচ্ছে মূল্যবান উৎস যার থেকে পরিবেশগত, অর্থনীতিগত এবং সামাজিক সুবিধা পাওয়া যায়। পুনরাবর্তনযোগ্য জিনিসকে বাছাই করে এবং প্রক্রিয়াবদ্ধ করে কাঁচামালে পরিণত করা হয়, যার থেকে নতুন জিনিস তৈরী করা যায়, যেমন, উদাহরণস্বরূপ, আপনি পুরনো প্লাস্টিকের বোতলগুলিকে পুনরাবর্তন করে লোমের জ্যাকেট তৈরী করতে পারেন।

রিসাইক্‌ল্ বা পুনরাবর্তনের দরকার কেন?

আবর্জনা রিসাইক্‌ল্ বা পুনরাবর্তন জরুরী কেন না এতে পরিবেশ দূষণ কমে, শক্তি সঞ্চয় হয় এবং আমাদের প্রাকৃতিক উৎসের সঞ্চয় হয়, এর দ্বারা শিল্পতে মূল্যবান কাঁচামাল সরবরাহ করা যায়, ল্যান্ডফিলের স্থান সংকুলান হয়, চাকুরীর সৃষ্টি করা যায় এবং আপনার আর্থিক সঞ্চয় হয়।

রিসাইকল্‌ড্ (পুনরাবর্তিত) জিনিসপত্র

রিসাইকল্ড (পুনরাবর্তিত) জিনিসপত্র কিনলে আর্থিক এবং পরিবেশগত লাভ হয়। পুনরাবর্তিত জিনিস কিনলে বা পুনরাবর্তিত জিনিসে মোড়ক বানালে ভবিষ্যৎ প্রজন্মের জন্য উৎসকে সঞ্চিত এবং রক্ষা করা যায়।

আবর্জনা সংগ্রহ পরিষেবা

1. ধাতু-ক্যান/টিন

ক্যান এবং টিন আপনার হুইলি বিনে রাখা উচিত কেন না ধাতুদ্রব্য আমাদের রিসাইক্লিং সেন্টারে আবর্জনা থেকে যন্ত্রচালিত উপায়ে উদ্ধার করে রিসাইক্লিং (পুনরাবর্তনের) এর জন্য পুনরায় প্রক্রিয়াবদ্ধ করা হয়।

2. আরও প্লাস্টিকের পুনরাবর্তন যোগ্য জিনিসপত্র

রিসাইক্লিং এর জন্য যদি আপনার আরও প্লাস্টিকের বোতল থাকে যেগুলি রিসাইক্লিং বাক্সে ধরে গিয়েও বেশি হবে তাহলে আপনি সেগুলিকে একটি প্লাস্টিক ক্যারিয়ার ব্যাগে পুরে রিসাইক্লিং বাক্সের উপর রেখে দিতে পারেন। বাক্সেতে পোরার আগে আপনি প্লাস্টিকের বোতলগুলিকে চূর্ণ করে ফেলবেন, এর ফলে পুনরাবর্তনের জিনিসগুলির জন্য আরও জায়গা সংকুলান হবে।

3. প্লাস্টিক বোতলের ধরণ

আমরা 2 ধরণের বোতল চাই; এইচ ডি (HD) অথবা এইচ ডি পি ই (HDPE) যেগুলি, দুধ, শ্যামপু, স্কোয়াশ ইত্যাদির বোতল এবং পি ই (PE) অথবা (PET) যেগুলি মদও পানীয়র জন্য ব্যবহার হয়। নিম্নলিখিত প্রতীকগুলি দেখে নিন ঃ 1 অথবা 2

4. কার্ডবোর্ড

আপনার হুইলি বিনে কার্ডবোর্ড রাখুন এবং রিসাইক্লিং বাক্সে এগুলি রাখবেন না। আপনার হুইলি বিন থেকে কার্ডবোর্ড নিয়ে সেগুলিকে বলমিলে নিয়ে যাওয়া হয় যেখানে সেগুলিকে সার তৈরী জন্য আলাদা করা হয় অথবা 'ফ্লকে' পর্যবসিত করা হয় সিমেন্টের ভাটিতে ফসিল জ্বালানির বদলে ব্যবহার করার জন্য। পেপার ব্যাঙ্ক বা কমিউনিটি রিসাইক্লিং সেন্টারেও এগুলিকে রিসাইক্‌ল্‌ (পুনরাবর্তন) করতে পারেন।

5. রিসাইক্লিং বাক্সের জন্যে ঢাকনা

লিসেস্টার সিটি কাউন্সিল ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভিস লাইনে অথবা 0116 252 7002 নম্বরে ফোন করে আপনি আপনার পুনরাবর্তনযোগ্য জিনিসগুলির বাক্সের জন্য ঢাকনার অনুরোধ করতে পারেন কিন্ত সংগ্রহের সময় ঢাকনা লাগিয়ে বাক্সগুলি বাইরে রাখবেন না। বৃষ্টিতে যদি বাক্সের ভেতরের জিনিসগুলি ভিজে যায় তাহলে চিন্তার কোনো কারণ নেই। বাক্সতে অনেক ছিদ্র থাকে যাতে বৃষ্টি পড়লে জল বেরিয়ে যেতে পারে।

6. দ্বিতীয় বাক্স

আপনার পুনরাবর্তনযোগ্য (রিসাইক্লবল) জিনিসপত্রের জন্য আপনি আর একটি বাক্সের অনুরোধ করতে পারেন, লিসেস্টার সিটি কাউন্সিল ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভিস লাইন অথবা 0116 252 7002 নম্বরে ফোন করে, যদি আপনার একটি বাক্স সম্পূর্ণ ভরে যায় এবং আপনি একটি বাক্সের মধ্যে সবকটি পুনরাবর্তন যোগ্য উপকরণ ধরাতে না পারেন, কিন্ত এ বিষয়টি ভালো করে দেখা হবে।

7. সহায়তামূলক সংগ্রহ পরিষেবা

বর্তমানের সহায়ক সংগ্রহ পরিষেবা রাখা হয়েছে বয়স্ক এবং বিকলাঙ্গ লোকেদের জন্য, যাদের পক্ষে সংগ্রহের জন্য বাক্সটি তুলে বাইরে রেখে আসা মুশকিল। লিসেস্টার সিটি কাউন্সিল ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভিস লাইনে 0116 252 7002 নম্বরে ফোন করুন যদি আপনার আবর্জনা সংগ্রহের জন্য সহায়তামূলক পরিষেবার প্রয়োজন হয়।

8. বাক্সগুলির জন্যে সংক্ষিপ্ত নির্দেশ

যদি ✔ টিকচিহ্ন তালিকার উপকরণ ব্যতীত অন্য কোনো জিনিস রিসাইক্লিং বাক্সে পাওয়া যায় তবে সেগুলি নেওয়া হবে না এবং একটি ছোট্ট চিরকুট বাক্সে ফেলে দেওয়া হবে যাতে বলা থাকবে বাক্সে আপনি কি কি রাখতে পারেন। আপনার হুইলি বিনে না নেওয়া জিনিসগুলি রেখে দিন।

9. হুইলি বিনগুলির জন্য সংক্ষিপ্ত নির্দেশ

যদি গ্রহণযোগ্য নয় এমন আবর্জনা হুইলি বিনে থাকে, যেমন কংক্রীট/ইট পাথর, গাড়ীর পার্টস, বিপজ্জনক আবর্জনা, চিকিৎসা সংক্রান্ত আবর্জনা অথবা হুইলি বিন যদি অত্যন্ত ভারী হয় বা খুব বেশি রকম ভরা থাকে তাহলে সেটি খালি করা হবে না এবং একটি নির্দেশ ওখানে রেখে দেওয়া হবে।

10. আপনার আবর্জনাগুলির কি হয় ?

শুকনো পুনরাবর্তনযোগ্য জিনিসগুলি যেমন পেপার এবং প্লাসটিক একসাথে করা হয় এবং পুনরাবর্তনের জন্য পুনঃপ্রক্রিয়ায় পাঠানো হয়।

গৃহস্থালীর সমস্ত আবর্জনা আপনার বিন থেকে নিয়ে বুরসমে রিসাইক্লিং সেন্টারে নিয়ে যাওয়া হয় এবং যন্ত্রচালিত উপায়ে সেখানে আবর্জনাগুলিকে আলাদা করা হয়-

- ধাতু (স্টীলের এবং অ্যালুমিনিয়ামের খাদ্য ও পানীয়ের ক্যান) আলাদা করে নিয়ে সর্বশেষে প্রক্রিয়ার জন্যে পাঠানো হয়।
- জৈব পদার্থ ওয়ানলিপে আমাদের সার তৈরীর সুবিধাজনক স্থানে আরও প্রক্রিয়ার জন্য পাঠানো হয়। যে সার পাওয়া গেল সেটি কৃষিজমিতে ব্যবহার করা হয় এবং এই প্রক্রিয়ার ফলে যে বিদ্যুৎশক্তি উৎপন্ন হল সেটি ন্যাশনাল গ্রিডে সরবরাহ করা হয় (1500 টি বাড়িতে বিদ্যুৎ সরবরাহ করা চলে)।
- আবর্জনা থেকে পাওয়া ফসিল জ্বালানি নয় এমন জ্বালানি সিমেন্ট শিল্পে ব্যবহৃত হয়।

যে আবর্জনা থেকে আর কিছু পাবার সম্ভাবনা নেই সেগুলিকে একত্র করে ল্যান্ডফিলে পাঠিয়ে দেওয়া হয়।

আমাদের সাথে যোগাযোগ করুন

কাস্টমার সার্ভিস সেন্টার (Customer Service Centre)
বি ‘ব্লক’ ('B' Block)
নিউ ওয়াক সেন্টার (New Walk Centre)
ওয়েলফোর্ড প্লেস (Welford Place)
লিসেস্টার (Leicester)
LE1 6ZG

ওয়েস্ট ম্যানেজমেন্ট সার্ভিস লাইন

খোলার সময় ঃ
সোমবার থেকে শুক্রবার ঃ সকাল 8.30 টা থেকে রাত 5.00 টা

(0116) 252 7002 (টেলিফোন)
(0116) 255 9289 (ফ্যাক্স)

ইমেল ঃ environment.helpline@leicester.gov.uk